

ধনঞ্জয় দাস

পঞ্চায়েত, তার ওপর পার্টি, তার ওপ ভগবান---
অন্তত এরকমই ঝাঁস করে।
গ্রামে সার্ভে করতে গিয়ে তার সঙ্গে দেখা হল।

নোট খাতায় লিখলাম
নাম ধনঞ্জয় দাস, পিতা শ্রীপতি দাস,
পেশায় খেতমজুর, দৈনিক মজুরি পাঁচিশ টাকা ও দুকেজি চাল,
বহলে ছমাস কাজ পায়, ছমাস বেকার।

পঞ্চায়েতের কাছে ছাত ঢাকবার টালি চেয়ে
একবার আর্জি জানিয়েছিল ধনঞ্জয় দাস। আর একবার
পার্টি আপিসে গিয়ে বলেছিল, বাবুরা, আমায় কিছু
কাজ দ্যান, মেয়েটার পড়ার খরচ চালাতে পারি না।
ভগবানের কাছে সে কী চেয়েছিল, আমাদের বলেনি।

পঞ্চায়েত ও পার্টি থেকে এখন অর্ধি কিছুই পায়নি সে।
তবে তারা বলেছে তার কথা মনে রাখবে।
কিন্তু ভগবানের কাছ থেকে সে কী পেল ঙ্গ ভাবতে ভাবতে খেয়াল হল
যে হাসিটা সারাক্ষণ তার মুখে লেগে থাকতে দেখলাম তার তুলনা, শুধু ধনেখ
ালি কেন, সারা হুগলি জেলা খুঁজলেও
পাব কিনা সন্দেহ।

অভিরূপ সরকার

